

পঞ্চগড়ে চাষ হচ্ছে প্যাশন ফল

■ পঞ্চগড় প্রতিনিধি

ব্রাজিলের প্যাশন ফল এখন পঞ্চগড়ে চাষ হচ্ছে। পার্বত্য অঞ্চলে কয়েক বছর থেকে প্যাশন ফলের চাষ হলেও জেলার দেবীগঞ্জ উপজেলার চিলাহাটি ইউনিয়নের ভাউলাগঞ্জ বানিয়াপাড়া গ্রামের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক মহসিন আলীর বাড়িতে গত দুই বছর থেকে উৎপাদিত হচ্ছে সুস্বাদু ও মজাদার প্যাশন ফল।

মহসিন আলী জানান, গত চার বছর আগে তিনি দেবীগঞ্জে অবস্থানরত তার ভায়রা আশরাফ আলীর বাড়ি থেকে একটি চারা এনে বাড়িতে লাগান। চারা লাগানোর কয়েক মাসের মধ্যে লতা জাতীয় গাছটি উঠে যায় পাশের নিম ও সুপারি গাছে। দুই বছরের মাথায় গাছে ফল থেকে ফল আসে। সবুজ রঙ এর ফলটি দু'তিন মাসের মধ্যেই হালকা কমলা রং ধারণ করে।

তার ছেলে পঞ্চগড় ড. আবোদা হাফিজ স্কুল ও কলেজের ইংরেজী বিভাগের প্রভাষক শাহজাহান আলী বলেন, পঞ্চগড়ে এই ফলের চাষ হচ্ছে এটি আগে কেউ বিশ্বাস করতে চাইছিল না। গাছ থেকে ফল পেয়ে শরবত বানিয়ে তাদের খাওয়ার পরই তারা বুঝতে পারে এটি আসলেই প্যাশন ফল। তিনি বলেন, কৃষি বিভাগ চাইলেই এই ফল থেকে বীজ করে অধিক পরিমাণে চারা করতে পারে।

কৃষি কর্মকর্তাগণ জানিয়েছেন, ব্রাজিলের আমাজন অঞ্চলের রেইন ফরেস্টের নিকটবর্তী স্থান, প্যারাগুয়ে ও উত্তর আর্জেন্টিনায় এই ফলটি ব্যাপক আকারে চাষ করা হয়। কয়েক বছর আগে দেশের পার্বত্য অঞ্চলের পাহাড়ি এলাকায় প্যাশন ফলের চাষ করা হচ্ছে। তাদের ধারণা, শুধু পাহাড়ি অঞ্চলেই এই ফলের চাষ হয়। সমতল ভূমিতে প্যাশন ফলের চাষ হয় এটা দেশের মধ্যে পঞ্চগড়েই প্রথম। তাদের মতে, প্যাশন ফল একটি বছরব্যবস্থাপন লতাজাতীয় উদ্ভিদ। মাচা কিংবা বড় গাছের ডালে উঠিয়ে দিলেই কয়েক বছর ধরে এই ফল পাওয়া সম্ভব। অল্প জায়গায় কম পরিমাণে এই ফল চাষ করে বিপুল পরিমাণ আয়ের সম্ভাবনা রয়েছে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন। সাধারণত মার্চ মাসে ফুল আসার পর জুন-জুলাইতে ফল পাকে। তবে সারা বছর এই গাছে কমবেশি ফল থাকে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. আলীমুজ্জামান বলেন, পঞ্চগড়ে কমলার মত প্যাশন ফলও চাষ করা সম্ভব। ইতিমধ্যে কৃষি গবেষণা ইনস্টিটিউট প্যাশন ফলের কয়েকটি উন্নত জাত উদ্ভাবন করেছেন। পঞ্চগড় জেলার মাটি পাহাড়ি এলাকার মত পাথর-বালি মিশ্রিত হওয়ায় ব্যাপক আকারে প্যাশন ফলের চাষ করা সম্ভব। দেশে ব্যাপক আকারে প্যাশন ফলের চাষ হলে শরবতের উপাদান আর বিদেশ থেকে আনতে হবে না। এতে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে।



পঞ্চগড় : গাছে ঝুলছে প্যাশন ফল